রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৮ সনের ২০ নং

বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১৭, ২০১৮

সূচীপত্র

		পৃষ্ঠা নং
১ম	খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।	২৩৯—২৫৭
২য়	খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।	৫৮৯—৬২৩
৩য়	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	নাই
৪র্থ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।	নাই
৫ম	খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি।	নাই
৬ষ্ঠ	খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।	৪৪৫—৪৬০
৭ম	খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।	নাই
৮ম	খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	২৩
	ক্রোড়পত্র—সংখ্যা	
	(১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী।	নাই
	(২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব।	নাই
	(৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব।	নাই
	(৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব।	নাই
	(৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান।	নাই
	(৬) . . . . . তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা।	নাই

১ম খণ্ড

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

অফিস আদেশ

তারিখ : ২৯ মার্চ ২০১৮

নং ১৭.০০.০০০০.০১৫.২৭.০৭০.১৭-২১৬—যেহেতু, জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, অ্যাপ্লিকেশন ম্যানেজমেন্ট ও এমআইএস, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে ২১ ডিসেম্বর, ২০১৭ তারিখের ১৭.০০.০০০০.০১৫. ২৭.০৪২.১৫-৫৭১ স্মারকের মাধ্যমে ০৩/২০১৭ নং বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলার কারণ দর্শানোর নোটিশের জবাবের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। সহকারী প্রোগ্রামার হিসেবে তাঁর উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালনে ব্যর্থ হয়েছেন। ফলে বেগম কানিজ ফাতেমা দ্বৈত ভোটার হয়েও ২য় বার ভোটার তালিকা থেকে বয়স কম দেখিয়ে নির্বাচনে অংশ গ্রহণ করেন এবং নির্বাচিত হন। পরে বিষয়টি জানাজানি হলে তার নির্বাচিত গেজেট বাতিল করতে হয় এবং মাননীয় নির্বাচন কমিশন বিব্রত হন। এতে নির্বাচন কমিশনের সুনাম ক্ষুন্ন হয় ও ক্ষমতা নিয়ে প্রশ্ন উঠে। উক্ত কর্মকাণ্ডের জন্য তিনিই দায়ী।

২। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ মোতাবেক তিনি ৩ এর (বি) ধারায় দোষী হওয়ার ফলে বিধি ৪ এর ২(এ) ধারা মোতাবেক তিরস্কার করা হল এবং বিভাগীয় মামলা হতে নিষ্পত্তি করা হল।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

হেলালুদ্দীন আহমদ
সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ মার্চ ২০১৮

নং ৫৩.০০.০০০০.৩১১.৪০.০০৬.১৭-২১৮—মাননীয় অর্থমন্ত্রীর সভাপতিত্বে বাংলাদেশে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিভিন্ন দিক নির্দেশনা এবং নীতি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে গঠিত জাতীয় সমন্বয় কমিটি (National Co-ordination Committee on AML/CFT) এর ২৬-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত ২১তম সভায় সিদ্ধান্ত অনুযায়ী মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে ২০১৮-২০২০ মেয়াদের জন্য জাতীয় কৌশলপত্র প্রণয়নের লক্ষ্যে নিম্নরূপ একটি কমিটি গঠন করা হলো :

আহবায়ক

(১) বিএফআইইউ এর প্রধান ও ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক

সদস্যবৃন্দ

(২) আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর একজন প্রতিনিধি

(৩) জননিরাপত্তা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি

(৪) লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ এর একজন প্রতিনিধি

(৫) পররাষ্ট্র মন্ত্রণালয় এর একজন প্রতিনিধি

(৬) জাতীয় রাজস্ব বোর্ড এর একজন প্রতিনিধি

(৭) দুর্নীতি দমন কমিশন এর একজন প্রতিনিধি

(৮) বাংলাদেশ পুলিশ এর একজন প্রতিনিধি

সদস্য-সচিব

(৯) মহাব্যবস্থাপক, বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রিজওয়ানুল হুদা
উপসচিব।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-১ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৮ মার্চ ২০১৮

নং ৩০.০১৫.০১৮.০০.০০.০২৪.২০০৩-৯২—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, পুনরাদেশ না দেয়া পর্যন্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের প্রাক্তন অতিরিক্ত সচিব জনাব জালাল আহমেদ-এর স্থলে অর্থ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ মনির উদ্দিন-কে বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড এর পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

নং ৩০.০১৫.০১৮.০০.০০.০৪১.২০০৩-৯৩—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনাব এ. আর. এম. নজমুস্ ছাকিব (২২৬৭), অতিরিক্ত সচিব এর স্থলে জনাব আব্দুর রউফ তালুকদার, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেড (হিল) এর পরিচালনা পর্ষদের পরিচালক পদে নিয়োগ প্রদান করিলেন।

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

অঞ্জনা খান মজলিশ
উপসচিব।

বিমান শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৩ মার্চ ২০১৮

নং ৩০.০০.০০০০.০১৭.০৭.০০৪.১৪-১৮৮—বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ৪র্থ পর্যায়ে ২(দুই) টি ৭৮৭-৮ উড়োজাহাজ এর ডেলিভারি পেমেন্ট অর্থায়নের লক্ষ্যে "অনমনীয় ঋণ বিষয়ক স্থায়ী কমিটি'র (Standing Committee on Non-Concessional Loan) অনুমোদনের জন্য প্রস্তাব উপস্থাপনের পূর্বে দরদাতা প্রতিষ্ঠানের (HSBC) সাথে Negotiation করার লক্ষ্যে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো :

আহবায়ক

(১) অতিরিক্ত সচিব, এ মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)

(৩) অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর প্রতিনিধি (যুগ্মসচিব পর্যায়ের)

(৪) বাংলাদেশ ব্যাংক এর প্রতিনিধি (বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ এর)

(৫) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর প্রতিনিধি (দুই বা ততোদিক)

২। **কার্যপরিধি :**

(ক) কমিটি দরদাতা প্রতিষ্ঠানের (HSBC) সাথে Negotiation পূর্বক সুদের হার হ্রাস এবং শর্তাদি নমনীয় করার লক্ষ্যে সংশ্লিষ্টদের সাথে আলোচনা করবে;

(খ) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড কমিটিকে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান করবে;

(গ) কমিটি প্রয়োজনে যে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৮ মার্চ ২০১৮

নং ৩০.০০.০০০০.০১৭.১৮.০০৫.১৭-২০৪—২০১৮ সালের হজ্জযাত্রী পরিবহন কার্যক্রম তদারকি, সমন্বয়, নির্বিঘ্ন ও সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নলিখিত কর্মকর্তাদের সমন্বয়ে নির্দেশক্রমে হজ্জ টাস্কফোর্স-২০১৮ গঠন করা হলো :

আহবায়ক

(১) সদস্য (অর্থ) ও অতিরিক্ত সচিব, বেবিচক

সদস্যবৃন্দ

(২) যুগ্মসচিব (বিমান), এ মন্ত্রণালয়

(৩) পরিচালক (হজ্জ অফিস), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

(৪) উপসচিব (হজ্জ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

(৫) উপসচিব (বহিরাগমন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৬) উপসচিব (হাসপাতাল-৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৭) পরিচালক (গ্রাহক সেবা), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড

(৮) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর

(৯) **ডেপুটি কমিশনার অব কাস্টমস, হশাআবি**

(১০) কান্ট্রি ম্যানেজার, সৌদি এরাবিয়ান এয়ারলাইন্স

(১১) প্রতিনিধি, হাব

(১২) প্রতিনিধি, আটাব

কার্যপরিধি :

(১) 'হজ্জ ফ্লাইট-২০১৮' এর সিডিউল অনুযায়ী হজ্জ-পূর্ব (Pre-Hajj) এবং হজ্জ-উত্তর (Post-Hajj) হজ্জযাত্রীদের বহনকারী উড়োজাহাজ চলাচল তদারকি ;

(২) সিডিউল অনুযায়ী হজ্জযাত্রীদের যাতায়াতে কোন অসুবিধা/বিঘ্ন দেখা দিলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাৎক্ষণিক ভাবে অবহিতকরণপূর্বক তা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ;

(৩) হজ্জ টাস্কফোর্স-২০১৮ হজ্জযাত্রী পরিবহন কার্যক্রমের প্রস্তুতি/পরিচালনা সমন্বয়ের লক্ষ্যে প্রতিমাসে ন্যূনতম দু'টি সভা করে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল ;

(৪) হজ্জযাত্রীদের নির্বিঘ্নে হজ্জে গমন ও দেশে প্রত্যাবর্তন সম্পন্ন না হওয়া পর্যন্ত টাস্কফোর্সের কার্যক্রম অব্যাহত থাকবে এবং দায়িত্ব শেষে এ বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ে একটি প্রতিবেদন প্রেরণ ;

(৫) প্রতিবেদনের মাধ্যমে মন্ত্রণালয়কে কমিটির কার্যক্রম সম্পর্কে নিয়মিত অবহিতকরণ; এবং

(৬) টাস্কফোর্স প্রয়োজনে যে কোন সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নিলুফার জেসমিন খান
সিনিয়র সহকারী সচিব।

তথ্য মন্ত্রণালয়

বেতার-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ চৈত্র ১৪২৪/১৮ মার্চ ২০১৮

নং ১৫.০০.০০০০.০২১.২৭.০০২.১৭.১১৫—যেহেতু, জনাব মোঃ আরিফুল ইসলাম, বাংলাদেশ বেতারের আঞ্চলিক পরিচালক পদের কর্মকর্তা এবং বর্তমানে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকায় পরিচালক পদে সংযুক্ত আছেন। তিনি অফিস প্রধানের অনুমোদন ব্যতিরেকে এবং বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের ১৫-০৫-২০১৭ তারিখের ৪০৮৭ নম্বর স্মারকে ইস্যুকৃত পত্রটিতে প্রধান নির্বাহীর নাম উল্লেখপূর্বক স্বাক্ষর জাল করে তার একটি আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ বেতার বরাবর প্রেরণ করায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' (Misconduct) এ অভিযোগে বিভাগীয় মামলা নং ২/২০১৭ রুজুকরতঃ তথ্য মন্ত্রণালয়ের ১৬-১১-২০১৭ তারিখের ১৫.০০.০০০০. ০২১.২৭.০০২.১৭.৪৭২ নং স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২৬-১১-২০১৭ তারিখে লিখিত জবাব দাখিল করেন এবং তার আবেদনের প্রেক্ষিতে গত ২১-১২-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীঅন্তে প্রাসংগিক সকল বিষয় বিবেচনা করে বিষয়টি তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় তথ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব মোঃ মুহিবুল হোসেইন-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে ঘটনাটি অনিচ্ছাকৃত, অজ্ঞতা প্রসূত এবং অভিযুক্ত ব্যক্তি তার জন্য ক্ষমা প্রার্থনা করায় বিষয়টি ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখা যেতে পারে মতামত প্রদান করেন;

সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার জবাব, শুনানী, লিখিত ও মৌখিক সাক্ষ্য, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, প্রসিকিউশনের শুনানী এবং তথ্য প্রমাণ ও প্রাসংগিক সকল বিষয় পর্যালোচনা করে সার্বিক বিবেচনায় বাংলাদেশ বেতারের আঞ্চলিক পরিচালক, বর্তমানে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট, ঢাকায় পরিচালক পদে সংযুক্ত জনাব মোঃ আরিফুল ইসলাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধিমতে অসদাচরণের অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলা নং ০২/২০১৭ এর দায় হতে ভবিষ্যতের জন্য সতর্ক করে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নাসির উদ্দিন আহমেদ
ভারপ্রাপ্ত সচিব।

বাণিজ্য মন্ত্রণালয়
প্রশাসন-৫ শাখা

আদেশ

তারিখ : ২৯ ফাল্গুন ১৪২৪/১৩ মার্চ ২০১৮

নং ২৬.০০.০০০০.০৯০.০১১.১৭.১৫-৯০—বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন নবগঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এর রাজস্ব খাতে অস্থায়ীভাবে বিভিন্ন ক্যাটাগরিতে নিম্নোক্ত ৭৩(তিয়াত্তর) টি পদ সৃজনে নির্দেশক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

ক্রমিক নং	পদের নাম	সৃজিত পদ সংখ্যা	অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল-২০১৫ অনুযায়ী)	মন্তব্য
১।	সচিব	১(এক) টি	টাকা ৫৬৫০০—৭৪৪০০ (গ্রেড-৩)	
২।	পরিচালক	৪(চার) টি	টাকা ৪৩০০০—৬৯৮৫০ (গ্রেড-৫)	
৩।	উপপরিচালক	৫(পাঁচ) টি	টাকা ৩৫৫০০—৬৭০১০ (গ্রেড-৬)	
৪।	প্রোগ্রামার	১(এক) টি	টাকা ৩৫৫০০—৬৭০১০ (গ্রেড-৬)	
৫।	চেয়ারপার্সনের একান্ত সচিব	১(এক) টি	টাকা ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯) টাকা ৩৫৫০০—৬৭০১০ (গ্রেড-৬)	
৬।	সহকারী পরিচালক	৮(আট) টি	টাকা ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯)	
৭।	সহকারী পরিচালক (গবেষণা)	২(দুই) টি	টাকা ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯)	
৮।	সহকারী প্রোগ্রামার	১(এক) টি	টাকা ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯)	
৯।	হিসাবরক্ষণ কর্মকর্তা	১(এক) টি	টাকা ২২০০০—৫৩০৬০ (গ্রেড-৯)	
১০।	লাইব্রেরিয়ান	১(এক) টি	টাকা ১৬০০০—৩৮৬৪০ (গ্রেড-১০)	
১১।	কম্পিউটার অপারেটর	২(দুই) টি	টাকা ১১০০০—২৬৫৯০ (গ্রেড-১৩)	
১২।	উচ্চমান সহকারী	২(দুই) টি	টাকা ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪)	
১৩।	ব্যক্তিগত সহকারী	১০(দশ) টি	টাকা ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪)	
১৪।	স্টোর কিপার	১(এক) টি	টাকা ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪)	
১৫।	হিসাবরক্ষক	১(এক) টি	টাকা ১০২০০—২৪৬৮০ (গ্রেড-১৪)	
১৬।	ক্যাশিয়ার	১(এক) টি	টাকা ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬)	
১৭।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	৭(সাত) টি	টাকা ৯৩০০—২২৪৯০ (গ্রেড-১৬)	
১৮।	গাড়িচালক	৮(আট) টি	টাকা ১৭,০৪৪ সাকুল্যে	(ক) আউট সোর্সিং নীতিমালা অনুসারে পূরণ যোগ্য (খ) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ঢাকায় অবস্থিত বিধায় ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য ধার্য সাকুল্য বেতন প্রযোজ্য।
১৯।	জারিকারক	১(এক) টি	টাকা ১৫,৮০০ সাকুল্যে	(ক) আউট সোর্সিং নীতিমালা অনুসারে পূরণ যোগ্য (খ) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ঢাকায় অবস্থিত বিধায় ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য ধার্য সাকুল্য বেতন প্রযোজ্য।
২০।	অফিস সহায়ক	১১(এগারো) টি	টাকা ১৫,৫৫০ সাকুল্যে	(ক) আউট সোর্সিং নীতিমালা অনুসারে পূরণ যোগ্য (খ) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ঢাকায় অবস্থিত বিধায় ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য ধার্য সাকুল্য বেতন প্রযোজ্য।
২১।	পরিচ্ছন্নতা কর্মী	২(দুই) টি		
২২।	নিরাপত্তা প্রহরী	২(দুই) টি		

মোট= ৭৩টি (২৪ টি আউট সোর্সিংসহ)

২। এই আদেশ মন্ত্রিপরিষদ বিভাগের ০৩-০৫-২০০৩ খ্রিস্টাব্দ তারিখের মপবি/ক:বি:শা:/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক আদেশের ভিত্তিতে জারি করা হলো।

৩। উপর্যুক্ত পদ সৃজন প্রস্তাবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের, অর্থ মন্ত্রণালয়ের (রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-৪ শাখা এবং বাস্তবায়ন-৫ শাখা এর), প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির এবং মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদন গ্রহণ করা হয়েছে।

৪। এই সংক্রান্ত ব্যয় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের জন্য বাজেট বরাদ্দের যথাযথ খাত থেকে নির্বাহ করা হবে।

৫। এতদসংক্রান্ত সকল বিধি-বিধান ও আনুষ্ঠানিকতা প্রতিপালনসহ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

এস. এম. মাসুদুর রহমান
উপসচিব।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

জননিরাপত্তা বিভাগ

শৃঙ্খলা-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ চৈত্র ১৪২৪/২০ মার্চ ২০১৮

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০১০.১৮-২১—জনাব মোঃ আব্দুল কাদের, সহকারী পুলিশ সুপার, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, নওগাঁ এর বিরুদ্ধে তার তালাকপ্রাপ্তা স্ত্রী মোসাঃ সালেহা আক্তার কর্তৃক বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালত-৪, ঢাকায় দায়েরকৃত নারী ও শিশু নির্যাতন দমন মামলা নং-৪০৪/২০১৭ এবং সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, ঢাকায় যৌতুক নিরোধ আইনের ৪ ধারায় সি. আর মামলা নং-৫৭৮/১৭ দায়ের করেন। অভিযুক্ত কর্মকর্তা উক্ত মামলায় গত ২৩-১১-২০১৭ তারিখে বিজ্ঞ আদালতে হাজির হয়ে জামিনে মুক্তি লাভ করেন; এবং

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ED (Reg. VII)/S-123/78-115(500), Dacca the 21st November, 1978 এর সিদ্ধান্ত অনুযায়ী জামিনপ্রাপ্ত কর্মকর্তা Taken into custody মর্মে গণ্য হবেন বিধায় তাকে চাকরি হতে বরখাস্ত করা সমীচীন।

৩। সেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম (MEMORANDUM NO-ED (Reg.vii)s-123/78-115 (500), Date. Dacca the 21st November, 1978 অনুযায়ী সহকারী পুলিশ সুপার, জনাব মোঃ আব্দুল কাদের-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

৪। বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক সাময়িক বরখাস্তকালীন তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোস্তফা কামাল উদ্দীন
সচিব।

আইন-২ শাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০১ চৈত্র ১৪২৪/১৫ মার্চ ২০১৮

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-১৮৪—লালমনিরহাট জেলার হাতীবান্ধা থানার মামলা নং-৩৪, তারিখ : ২৯-০৮-২০১৭ এ তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত মোবাইল ফোন, বিভিন্ন প্রকার জিহাদী বই, ডায়েরী ও অন্যান্য মালামাল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজশে দেশের অখণ্ডতা, জননিরাপত্তা বিপন্ন করাসহ চলমান সরকারকে উৎখাত করে দেশের মধ্যে জঙ্গি তৎপরতা চালিয়ে বড় ধরনের ক্ষতি সাধনের ষড়যন্ত্র করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-১৮৫—রাজশাহী জেলার মতিহার থানার মামলা নং-১৬, তারিখ ১০-০৩-২০১৭ এ তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠনের সদস্য পদ গ্রহণ ও সমর্থন করে সদস্য সংগ্রহ ও সন্ত্রাসী বই দখলে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-১৮৬—শেরপুর জেলার ঝিনাইগাতী থানার মামলা নং-০৭, তারিখ : ১৩-০৮-২০১৬ এর তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত স্কচটেপ, ককটেল তৈরীর উপকরণ, সিমসহ মোবাইন ফোন, বিভিন্ন প্রকার জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বিভিন্ন প্রকার ভিডিও চলমান জঙ্গি কর্মকান্ডকে উস্কে দেওয়া এবং সন্ত্রাসী কর্মকান্ডে লোকদের প্ররোচিত করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-১৮৭—ঢাকা জেলার ভাটারা থানার মামলা নং-০৪(০৫)১৭ এর তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত ল্যাপটপ, মোবাইল সেট, সিম, বিভিন্ন প্রকার জিহাদী বই, ব্যাগ ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা পরস্পর যোগসাজশে নিষিদ্ধ ঘোষিত সংগঠন আনসার আল ইসলাম এর সদস্য পদ গ্রহণ করে আদর্শ ও সত্ত্বাকে সমর্থ ও প্রচারপূর্বক রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলকভাবে ধ্বংসাত্মক কার্যকলাপ করার পরিকল্পনায় লিপ্ত হওয়ার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-১৮৮—ঢাকা জেলার মিরপুর থানার মামলা নং-৬৪(০৫)১৬ এ তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন প্রকার জিহাদী বই, ব্যাগ ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবির সদস্য হয়ে সন্ত্রাসী কর্মকান্ড সংগঠনের উদ্দেশ্যে সমবেত হওয়া ও সহায়তা করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-১৮৯—ঢাকা জেলার মতিঝিল থানার মামলা নং-২০(০৬)১৬ এর তদন্তে এবং ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন প্রকার লিফলেট, কম্পিউটার, পোষ্টার, মোবাইল ও অন্যান্য মালামাল ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা হিযবুত তাহরীর এর ব্যানারে সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করার লক্ষ্যে সরকার বিরোধী বিভিন্ন মিথ্যা ভিত্তিহীন উসকানিমূলক তথ্য সম্বলিত পোষ্টার নিজ হেফাজতে রেখে জনগণের মধ্যে বিতরণ করার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ : ০৬ চৈত্র ১৪২৪/২০ মার্চ ২০১৮

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৪৬.১৭-২২৩—চট্টগ্রাম জেলার কোতোয়ালী থানার মামলা নং-৬০, তারিখ : ২৭-০৭-২০১৬ এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত বিভিন্ন প্রকার জিহাদী বই, ম্যাগাজিন, লিফলেট, প্রিন্টার ল্যাপটপ ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা হিযবুত তাহরীর এর সক্রিয় সদস্য হয়ে সন্ত্রাসী কর্মকান্ড প্রসারিত করার উদ্দেশ্যে বিভিন্ন ধরণের ভ্রান্তিমূলক তথ্য সম্বলিত বই নিজ হেফাজতে রাখার অপরাধে জড়িত।

তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

তারিখ : ০৭ চৈত্র ১৪২৪/২১ মার্চ ২০১৮

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭-২২৫—বিজ্ঞ অতিরিক্ত চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট জয়পুরহাট আদালতের পিটিশন মামলা নং-২১৪পি/২০১৭ (জয়:), তারিখ : ১৩-১২-২০১৭ এ তদন্তে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্রের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৩(ক)/ ১২৪(ক) ধারায় মামলা রুজুর লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭-২২৬—বিজ্ঞ সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কোর্ট-১ এর এম/পি মামলা নং-১৩৩-১৭ (নড়াইল) এ তদন্তে অভিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্রের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৩ (ক)/১২৪(ক)/৫০০/৫০১/৫০৫ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭(ক) ধারায় মামলা রুজুর লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭-২২৭—বিজ্ঞ ১নং আমল গ্রহণকারী আদালত, মৌলভীবাজার এর পিটিশন মামলা নং-৬৮৯/১৭ (সদর) এর তদন্তে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্রের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় দণ্ডবিধি, ১৮৬০ এর ১২৩(ক)/১২৪(ক)/৫০৫ ধারায় মামলা রুজুর লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭-২২৮—খুলনা জেলার পাইকগাছা থানার সাধারণ ডায়রী নং-৭৯০, তারিখ : ১৭-১২-২০১৭ এর তদন্তে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্র ও রাষ্ট্রদ্রোহীতার অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় দণ্ডবিধি, ১৮৬০ এর ১২০(খ) ও ১২৪(ক) ধারায় মামলা রুজুর লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০৫৭.১৭-২২৯—পটুয়াখালী জেলার বাউফল থানার সাধারণ ডায়রী নং-৩৮৬, তারিখ : ১১-০৬-২০১৬ এর তদন্তে অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে অপরাধমূলক ষড়যন্ত্রের অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় দণ্ডবিধি, ১৮৬০ এর ১২০(খ) ধারায় মামলা রুজুর লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তাহমিনা বেগম
উপসচিব।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উন্নয়ন-১ শাখা)

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৪ চৈত্র ১৪২৪/১৮ মার্চ ২০১৮

নং ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০৬.২০১৫-৩০২—যেহেতু, জনাব শেখ মোঃ আবু জাকির সেকান্দার, হবিগঞ্জ জেলায় নির্বাহী প্রকৌশলী দপ্তরে সিনিয়র সহকারী প্রকৌশলী হিসেবে কর্মরত থেকে এলজিইডির আওতায় বৃহত্তর ময়মনসিংহ, সিলেট ও ফরিদপুর এলাকায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীন হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার আরুয়া-কলকলিয়া উপ-প্রকল্প (এসপি নং-৩১০০৪), আনোয়ার খালি খাল পুনঃখনন (এসপি নং-৩৫১৭২) এবং বাহুবল উপজেলার ধুলিয়াছড়া খালের উপর হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ উপ-প্রকল্প (এসপি নং ৩৪১৫০) এর কাজ বাস্তবায়নে অনিয়মের অভিযোগে এর বিরুদ্ধে আনীত অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিতে বর্ণিত যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে দাখিলকৃত জবাব এবং ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য স্থানীয় সরকার বিভাগের পরিচালক (যুগ্মসচিব), ম.ই.ই. উইং জনাব এ, বি, এম, আরশাদ হোসেনকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, জনাব শেখ মোঃ আবু জাকির সেকান্দার, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক রুজুকৃত বিভাগীয় মামলার "দ্বিতীয় কারণ দর্শনো" নোটিশের প্রেক্ষিতে তিনি জবাব দাখিল করেছেন; এবং

যেহেতু, অভিযোগ ও তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্তের দুই দফা জবাব পর্যালোচনায় দেখা যায় জনাব শেখ মোঃ আবু জাকির সেকান্দার, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, হবিগঞ্জ তাঁর জবাবে উল্লেখ করেছেন আরুয়া-কলকলিয়া (এসপি নং-৩১০০৪) উপ-প্রকল্প বাস্তবায়ন কাজ ২৫-০১-২০১২ ইং তারিখে সম্পন্ন করা হয়েছে এবং ১৮-১২-২০১৩ ইং তারিখে উপ-প্রকল্পটি হস্তান্তর করা হয়েছে।

জামানতের টাকা ফেরত প্রদান করা হয়েছে ২১-০৮-২০১৪ ইং। তিনি গত ১১-১১-২০১৪ তারিখে হবিগঞ্জ জেলার নির্বাহী প্রকৌশলীর দায়িত্ব গ্রহণ করেন। ফলে উক্ত অভিযোগসমূহ তাঁর যোগদানের পূর্বে সংঘটিত হয়েছে। তিনি নির্বাহী প্রকৌশলীর দায়িত্বভার গ্রহণ করার পর উক্ত উপ-প্রকল্পটি কার্যকর করার জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনেন এবং উপ-প্রকল্পটি কার্যকর করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন, যা বাস্তবায়নাধীন; এবং

যেহেতু, আনোয়ার খালি খাল পুনঃখনন (এসপি নং-৩৫১৭২) উপ-প্রকল্পের বাস্তবায়িত কাজের অতিরিক্ত ১৬,৫২,০৩৯.৫৩–১০,৮৭,১৭৮.৫৩= ৫,৬৪,৮৬১.০০ টাকা বিল প্রদানের অভিযোগের জবাবে তিনি জানান দায়িত্বভার গ্রহণ করার পূর্বে সংঘটিত হয়েছে। তাঁর দায়িত্বভার গ্রহণ করে উপ-প্রকল্পের ১০,৮৭,১৭৮.৫৩ টাকা সীট পাইলের মূল্য ফেরত প্রদানের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারকে পত্র প্রদান করেন। সে মতে ঠিকাদার উক্ত সমুদয় অর্থ ফেরত প্রদান করেন। বর্তমানে উক্ত উপ-প্রকল্পের কাজ প্রায় সমাপ্তির পথে এবং ঠিকাদার অতিরিক্ত গৃহীত অর্থের কাজ সমন্বয় করেছেন। ফলে বর্তমান ঠিকাদারের নিকট কোন অতিরিক্ত পাওনা নেই; এবং

যেহেতু, ধুলিয়াছড়া খালের উপর হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ (এসপি নং ৩৪১৫০) উপ-প্রকল্পের বাস্তবায়ন কাজের অতিরিক্ত ১২,২০,৩৫৩.০০ টাকার বিল প্রদানে সহায়তা করেন এবং উক্ত উপ-প্রকল্পে বিল প্রদানের ক্ষেত্রে ঠিকাদার কর্তৃক প্রদত্ত ৭% ডিসকাউন্ট চলতি বিল প্রদানে নির্বাহী প্রকৌশলী থাকা অবস্থায় অনিয়ম সংঘঠিত হয়নি। নির্বাহী প্রকৌশলী হিসেবে দায়িত্বভার গ্রহণ করার পর ঠিকাদারের মাধ্যমে অধিকাংশটাই সমন্বয় করা হয়েছে। ৭% ডিসকাউন্টের বিষয়টি তাঁর নজরে আসার পর ঠিকাদারকে উক্ত অর্থ (অতিরিক্ত প্রদান) ফেরত প্রদানের জন্য পত্র প্রদান করেন। ঠিকাদার কর্তৃক গৃহীত অতিরিক্ত অর্থের সমন্বয় করা হয়েছে মর্মে জবাবে উল্লেখ করেছেন ; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তাঁর প্রতিবেদনে জনাব শেখ মোঃ আবু জাকির সেকান্দারকে দোষী প্রমাণিত মর্মে মন্তব্য করেছেন; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা আরো মন্তব্য করেছেন যে, বর্ণিত ৩টি প্রকল্পের মূল ডিজাইন মাঠের অবস্থার উপযোগীতা বিবেচনা করা হয়নি। ফলে অনেক ত্রুটিবিচ্যুতি প্রকল্প বাস্তবায়নে ধরা পরে। এক্ষেত্রে প্রকল্পের প্রকল্প পরিচালক, জনাব মশিউর রহমান, ডিজাইন অনুমোদন করেছেন এবং কনসালটেন্ট জনাব নুরুল আমিন মাঠ পর্যায়ে সার্বক্ষণিক বাস্তবায়ন কাজ মনিটরিং করেছেন। এমকি তিনি প্রকল্প ৩টির কাজ সম্পাদনের চূড়ান্ত প্রতিবেদন প্রদান করেছেন। তার ভিত্তিতেই চূড়ান্ত বিল, প্রকল্প হস্তান্তর এবং ঠিকাদারের জামানতের টাকা প্রদান করা হয়েছে। জনাব নুরুল আমিন সঠিকভাবে দায়িত্ব পালন করলে তৎকালীন নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ রবিউল ইসলাম প্রকল্প ৩টির বাস্তবায়নে বর্ণিত বিপর্যয়কর অবস্থার সৃষ্টি বা সহযোগীদের নিয়ে পদক্ষেপ গ্রহণ করতে পারতেন না। সার্বিক বিবেচনায় প্রতীয়মান হয় মূল পরিকল্পনা ও ডিজাইন এলজিইডি সদর দপ্তর থেকে সম্পন্ন হয়েছে। কনসালটেন্ট কর্তৃক সার্বক্ষণিক বাস্তবায়ন, মনিটরিং করেছে। কনসালটেন্ট জনাব নূরুল আমিন প্রকল্প ৩টির কাজ সম্পাদনের চূড়ান্ত বিল প্রকল্প হস্তান্তর এবং ঠিকাদারের জামানতের টাকা প্রদান করা হয়েছে; এবং

যেহেতু, ইতোমধ্যে তৎকালীন নির্বাহী প্রকৌশলীর স্বেচ্ছাচারিতার মাধ্যমে অতিরিক্ত বিল প্রদান, অধঃস্তন কর্মকর্তাদের মাপবহি ও বিল বহিতে স্বাক্ষর করণে বাধ্য করার অপরাধে জনাব মোঃ রবিউল ইসলামকে পদাবনতির দণ্ড প্রদান করা হয়েছে; এবং

যেহেতু, জনাব শেখ মোঃ আবু জাকির সেকান্দার, হবিগঞ্জ জেলায় নির্বাহী প্রকৌশলী দপ্তরে সিনিয়র সহকারী প্রকৌশলী হিসেবে কর্মরত থেকে এলজিইডির আওতায় বৃহত্তর ময়মনসিংহ, সিলেট ও ফরিদপুর এলাকায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীন হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার আরুয়া-কলকলিয়া উপ-প্রকল্প (এসপি নং-৩১০০৪), আনোয়ার খালি খাল পুনঃখনন (এসপি নং-৩৫১৭২) এবং বাহুবল উপজেলার ধুলিয়াছড়া খালের উপর হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ উপ-প্রকল্প (এসপি নং ৩৪১৫০) এর কাজ বাস্তবায়নে অনিয়মে সহযোগিতা করেছেন; এবং

সেহেতু, জনাব শেখ মোঃ আবু জাকির সেকান্দার, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), এলজিইডি, হবিগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব, সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালায় ৩(এ) বিধি অনুযায়ী অসদাচনের অপরাধে একই বিধিমালার ৪(২) এর বিধান মোতাবেক তাঁকে "তিরষ্কার" দণ্ড প্রদান করা হল। বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

আমার কথিত মতে টাইপকৃত ও সংশোধিত।

নং ৪৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১৬.২০১৬-৩০৩—যেহেতু, জনাব নির্মল কুমার বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী (প্রেষণে), এলজিইডির আওতায় গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের, এলজিইডির সদর দপ্তর, ঢাকা এর বিরুদ্ধে মাদারীপুর জেলার এলজিইডি কর্তৃক বাস্তবায়নাধীন ১৬টি প্রকল্পের অনিয়মের অভিযোগের বিষয়টি প্রমাণিত হয়েছে। এ কারণে তাঁর বিরুদ্ধে সরকারি নির্দেশনা অমান্যের কারণে স্থানীয় সরকার বিভাগের তারিখ : ০৪-১২-২০১৬ স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১৬.২০১৬-৯৯৪ মূলে তাঁকে কারণ দর্শাতে পত্র প্রেরণ করা হয়; এবং

যেহেতু, স্থানীয় সরকার বিভাগের ০৪-১২-২০১৬ খ্রিঃ তারিখের নং-৪৬.০০.০০০০.০৬৭.২৭.০১৬.২০১৬-৯৯৪ স্মারকমূলে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ মোতাবেক ৩(এ) ও ৩(বি) বিধিতে অদক্ষতা ও অসদাচরণের দায়ে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব নির্মল কুমার বিশ্বাস তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে বিস্তারিত জবাব পেশ করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেন; এবং

যেহেতু, তাঁহার আবেদনের প্রেক্ষিতে গত ০৯-০৩-২০১৭ সচিব, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তাঁর জবাব গ্রহণযোগ্য না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

যেহেতু, তাঁর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত কর্মকর্তার প্রতিবেদন এবং আনুষঙ্গিক রেকর্ডপত্র বিস্তারিত পর্যালোচনা করা হয়।

যেহেতু, তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্তের দুই দফা জবাব এবং সংযুক্ত দলিলপত্রাদি পর্যালোচনায় দেখা যায় জনাব জনাব নির্মল কুমার বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী (প্রেষণে), গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডির সদর দপ্তর (প্রাক্তন নির্বাহী প্রকৌশলী, এলজিইডির মাদারীপুর) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর আওতায় রুজুকৃত বিভাগীয় মালায়-আনীত অভিযোগসমূহ পর্যালোচনায় প্রকল্পসমূহ বাস্তবায়নকালে অব্যবস্থাপনার জন্য ৩(এ) ধারায় আনীত অদক্ষতার অভিযোগটি প্রমাণিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

এক্ষণে সেহেতু, জনাব নির্মল কুমার বিশ্বাস, নির্বাহী প্রকৌশলী (প্রেষণে), এলজিইডির আওতায় গুরুত্বপূর্ণ গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের, এলজিইডির সদর দপ্তর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগের লিখিত জবাব, সংযুক্ত কাগজপত্র ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং তাঁর অপরাধের প্রকৃতি বিবেচনা করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ১৯৮৫ সনের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালায় ৩(এ) বিধি অনুযায়ী অসদাচরণের অপরাধে একই বিধিমালার ৪(২) এর বিধান মোতাবেক তাঁকে "তিরস্কার" দণ্ড প্রদান করা হল। বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ৪৬.০০.০০০০.০৬৭.২৭.০০৫.২০১৭-৩০৪—যেহেতু, জনাব মোঃ সিরাজুল ইসলাম, উপ-প্রকল্প পরিচালক (চঃদাঃ) হাওর অঞ্চলের অবকাঠামো উন্নয়ন ও জীবনমান উন্নয়ন প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা (পদ্মা বহুমুখী সেতু প্রকল্পে নির্বাহী প্রকৌশলী (পুনর্বাসন) হিসেবে ন্যাস্তকৃত), এর উল্লিখিত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিতে বর্ণিত অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, তিনি অভিযোগের বিষয়ে লিখিত জবাবে উল্লেখ করেছেন যে, গত ২০-১০-২০১৫ তারিখে তিনি উপ-প্রকল্প পরিচালক (চলতি দায়িত্ব) হাওর অঞ্চলের অবকাঠামো উন্নয়ন ও জীবনমান প্রকল্পে যোগদান করার পর থেকেই তাঁর উপর অর্পিত সকল দায়িত্ব ও কর্তব্য সুন্দর, সঠিক, সফল ও যথাযথভাবে পালন করেছেন। তিনি যথাসময়ে কর্মস্থলে উপস্থিত হন। কর্তৃপক্ষের অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন নাই। যাহা তাঁর অফিসের দৈনন্দিন হাজিরা দেখলে বিষয়টি প্রমাণিত হবে; এবং

যেহেতু, ১৬-১০-২০১৬ খ্রিঃ তারিখে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা) ইন্টারকমে তাঁকে খোজ করে তাৎক্ষণিকভাবে না পেলেও পরক্ষণেই তিনি কর্মস্থলে উপস্থিত হন, ফলে দাপ্তরিক কাজে কোন ব্যাঘাত সৃষ্টি হয়নি। ১৬-১০-২০১৬ খ্রিঃ তারিখে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে কৈফিয়ত তলব করা হলে তিনি উক্ত কৈফিয়ত তলবের জবাব দাখিল করেন এবং পরবর্তীতে অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা) এর সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করেন এবং নিজের অবস্থান সম্পর্কে তাঁকে অবহিত করেন; এবং

যেহেতু, হাওর অঞ্চলের অবকাঠামো উন্নয়ন ও জীবনমান উন্নয়ন প্রকল্পের সুপারভিশন মিশন কর্তৃক উক্ত প্রকল্পের উন্নয়ন কাজ পরিদর্শনকালে তিনি মিশনের সাথে সর্বপ্রকার যোগাযোগ করেন এবং সহযোগিতা প্রদান করেন এবং মিশনের সাথে মাঠ পর্যায়ে পরিদর্শনে অংশগ্রহণ করেন। এতে দাতা সংস্থার নিকট সরকারের ভাবমুর্তি ক্ষুন্ন হয়নি; এবং

যেহেতু, তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও (বি) বিধিতে বর্ণিত যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের পর্যায়ভুক্ত যে অপরাধের উল্লেখ করা হয়েছে, তা সঠিক নহে মর্মে জবাবে উল্লেখ করেছেন; এবং

যেহেতু, তিনি জবাবে আরও উল্লেখ করেছেন যে, বর্ণিত অভিযোগের উপর ভিত্তি করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও (বি) বিধিতে বর্ণিত যথাক্রমে অদক্ষতা ও অসদাচরণের পর্যায়ভুক্ত যে অপরাধের উল্লেখ করা হয়েছে, তা সঠিক নহে। তিনি অব্যাহতির আবেদন করেছেন; এবং

যেহেতু, জনাব মোঃ সিরাজুল ইসলাম ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করায় ০৫-১১-২০১৭ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানীর দিন ধার্য করা হয়। তিনি ০৫-১১-২০১৭ তারিখে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেননি। পরবর্তীতে ০৭-০১-২০১৮ তারিখ ১২.৩০ ঘটিকায় ব্যক্তিগত শুনানীর সময় ধার্য করা হয়। স্থানীয় সরকার বিভাগের নোটিশের পাশাপাশি প্রধান প্রকৌশলী, এলজিইডি পত্র নং-৪৬.০২.০০০০.০০১.০৪.০৩১.১৭-৭০, তারিখ : ০৩-০১-২০১৮ মোতাবেক তাঁকে এই বিষয়ে অবহিত করেছেন। তিনি উল্লিখিত তারিখ ও সময়ে ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হননি; এবং

যেহেতু, জনাব মোঃ সিরাজুল ইসলাম এর জবাব পর্যালোচনায় দেখা যায়, তিনি আনীত অভিযোগ অস্বীকার করেছেন। তিনি ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করেও পরপর দুইবার শুনানীতে অংশগ্রহণের জন্য উপস্থিত হননি। এ কারণে তাঁর বিরুদ্ধে দায়িত্বে অবহেলা ও অসদাচরণের অভিযোগ প্রমাণিত হয়; এবং

যেহেতু, এছাড়াও জনাব মোঃ সিরাজুল ইসলাম, উপ-প্রকল্প পরিচালক (চলতি দায়িত্ব) হাওর অঞ্চলের অবকাঠামো ও জীবনমান উন্নয়ন প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা সাবেক কর্মস্থল মৌলভীবাজার জেলার নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) কর্মরত থাকাকালীন বৃহত্তর ময়মনসিংহ, সিলেট ও ফরিদপুর এলাকায় ক্ষুদ্রাকার পানিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় মৌলভীবাজার জেলায় মৎস্য উন্নয়ন কর্মসূচি বিষয়ক ৬টি প্রশিক্ষণের আয়োজন না করে প্রশিক্ষণ বাবদ বরাদ্দকৃত ৬৬,০০০/- (ছিষট্টি হাজার) টাকা উত্তোলন করতঃ আত্মসাত করার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। সে মামলায় তাঁকে তিরস্কার দণ্ডে দণ্ডিত করা হয়; এবং

সেহেতু, অভিযুক্তের সকল জবাব ও দলিলপত্র পর্যালোচনা করে অপরাধের প্রকৃতি বিবেচনায় জনাব মোঃ সিরাজুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (সাবেক উপ-প্রকল্প পরিচালক (চলতি দায়িত্ব) (প্রেষণে) হাওর অঞ্চলের অবকাঠামো উন্নয়ন প্রকল্প, এলজিইডি সদর দপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধিতে বর্ণিত লঘু দণ্ড হিসেবে তাঁর বেতন তাঁর প্রাপ্য বেতন স্কেলের নিম্নধাপে অবনমিত রাখার' দণ্ড ২(দুই) বছরের জন্য আরোপ করা হল। ২(দুই) বছর পর তিনি বর্তমান স্কেলে (অর্থাৎ দণ্ড প্রদানের পূর্বের স্কেলে) বেতন ও বার্ষিক বর্ধিত বেতনাদি প্রাপ্য হবেন।

আবদুল মালেক
সচিব।

শোক বার্তা

তারিখ : ১৩ চৈত্র ১৪২৪/২৭ মার্চ ২০১৮

নং ৪৬.০০.০০০০.০৬৭.৯৯.০৮৪.১৭-৩৩৬—স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সিনিয়র সহকারী প্রকৌশলী, জনাব নাসির আহমেদ গত ১৯-০২-২০১৮ তারিখে ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)।

মরহুম নাসির আগমেদ ১৮-০৯-২০০৬ তারিখে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে সহকারী প্রকৌশলী/উপজেলা সহকারী প্রকৌশলী হিসেবে চাকরিতে যোগদান করেন। তিনি কর্মজীবনে একজন নিষ্ঠাবান ও দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার তাঁর এই মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

আবদুল মালেক
সচিব।

জনপ্রশাসন মন্ত্রণালয়
পরিকল্পনা কোষ-২

প্রজ্ঞাপন

তারিখ: ২২ চৈত্র ১৪২৪/০৫ এপ্রিল ২০১৮

নং **০৫.০০.০০০০.২৩৯.১১.০০১.২০১৮-৫২৯**—বাংলাদেশ সরকারের (জিওবি)'র সম্পূর্ণ অর্থায়নে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে বাস্তবায়নাধীন'বিসিএস ক্যাডার কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে সরকারকে শক্তিশালীকরণ (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে অনুমোদিত প্রকল্প দলিল অনুসারে যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র, ফার্নিচার, স্টেশনারি, বিবিধ ও অন্যান্য সেবা ক্রয়ের অন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি স্বল্প-ক্রয়ের জন্য দরপত্র বা প্রস্তাব মূল্যায়ন কমিটি গঠন করা হলো:

সভাপতি

(১) উপসচিব (পরিকল্পনা)

সদস্য

(২) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের একজন প্রতিনিধি

সদস্য-সচিব

(৩) সিনিয়র সহকারী সচিব ও সহকারী প্রকল্প পরিচালক

২. গঠিত কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

(i) The Committee will examine and follow the procedures and recommend for procurement of goods and services for the project.

(ii) TEC will suggest the PIO and the Project Steering Committee on the technical issues relating to procurement.

(iii) The Committee will monitor if there is any deviation from the standard procedures of the procurement as per PPA 2008.

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস এম আবদুল্লাহ আল মামুন
সিনিয়র সহকারী সচিব।

অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বীমা অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ এপ্রিল ২০১৮

নং **৫৩.০০.০০০০.৪১১.১১.০০১.১৭-১৮০**—বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ৫ (২) ধারা অনুযায়ী ড. এম মোশাররফ হোসেন, এফসিএ, পিতা জনাব মোঃ আবুল কালাম আজাদ, ফ্ল্যাট নং-৩/এফ, বাড়ি নং-৪১, রোড-৯/এ ধানমন্ডি আ/এ, ঢাকা'কে অন্যান্য সকল প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক পরিত্যাগের শর্তে নিয়োগের তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো।

২। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ধারা ১২ অনুযায়ী বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সদস্য হিসেবে তাঁর পারিশ্রমিক, ভাতা ও অন্যান্য শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ সাঈদ কুতুব
উপসচিব।

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭

আদেশ

তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি:

নং বিচার-৭/২এন-২৮/২০১৪-১০৭—হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২(২০১২ সনের ৪০ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে জনাব সুমন্ত কুমার রায়, পিতা-অনিল চন্দ্র রায়, মাতা-ললিতা রানী রায়, গ্রাম-দক্ষিণ চান্দখানা, ডাকঘর-কাজির হাট, উপজেলা-ডোমার, জেলা-নীলফামারী। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলফামারী জেলার ডোমার উপজেলার জন্য হিন্দু বিবাহ সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

